# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ ঈমানের ফরয

## بَابُ فَرْضِ الْإِيمَانِ

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْخَطَّابِ الْبَلَدِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ إِبْرَاهِيمَ الْجُدِّيُّ قَالَ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ قَالَ حَدَّثَنَا ثَابِتٌ الْبُنَانِيُّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: كُنَّا نُهِينَا أَنْ نَسْأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ شَيْءٍ فَكَانَ يُعْجِبُنَا أَنْ يَأْتِيَهُ الرَّجُلُ مِنْ أَهْلِ الْبَادِيَةِ فَيَسْأَلَهُ وَنَحْنُ نَسْمَعُ فَأَتَاهُ رَجُلٌ مِنْهُمْ فَقَالَ: يَا مُحَمَّدُ أَتَانَا رَسُولُكَ فَزَعَمَ أَنَّكَ تَزْعُمُ أَنَّ اللَّهَ أَرْسَلَكَ قال: "صدق" قال فمن خلَقَ السَّمَاءَ قَالَ: "اللَّهُ" قَالَ: فَمَنْ خَلَقَ الْأَرْضَ قَالَ: "اللَّهُ" قَالَ: فَمَنْ نَصَبَ هَذِهِ الْجِبَالَ قَالَ: "اللَّهُ" قَالَ: فَمَنْ جَعَلَ فِيهَا هَذِهِ الْمَنَافِعَ قَالَ: "اللَّهُ" قَالَ: فَبِالَّذِي خَلَقَ السَّمَاءَ وَالْأَرْضَ وَنَصَبَ الْجِبَالَ وَجَعَلَ فِيهَا هَذِهِ الْمَنَافِعَ آللَّهُ أَرْسَلَكَ؟ قَالَ: "نَعَمْ" قَالَ: زَعَمَ رَسُولُكَ أَنَّ عَلَيْنَا خَمْسَ صَلَوَاتٍ فِي يَوْمِنَا وَلَيْلَتِنَا قال: "صَدَقَ" قَالَ: فَبِالَّذِي أَرْسَلَكَ آللَّهُ أَمرَكَ بِهَذَا؟ قَالَ: "نَعَمْ" قَالَ: زَعَمَ رَسُولُكَ أَنَّ عَلَيْنَا صَدَقَةً فِي أَمْوَالِنَا قَالَ: "صَدَقَ" قَالَ: فَبِالَّذِي أَرْسَلَكَ آللَّهُ أَمرَكَ بِهَذَا؟ قَالَ: "نَعَمْ" قَالَ: زَعَمَ رَسُولُكَ أَنَّ عَلَيْنَا صَوْمَ شَهْرٍ فِي سَنَتِنَا قَالَ: "صَدَقَ" قَالَ: فَبِالَّذِي أَرْسَلَكَ آللَّهُ أَمرَكَ بِهَذَا؟ قَالَ: نَعَمْ قَالَ: زَعَمَ رَسُولُكَ أَنَّ عَلَيْنَا حَجَّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا قَالَ: "صَدَقَ" قَالَ: فَبِالَّذِي أَرْسَلَكَ آللَّهُ أَمرَكَ بِهَذَا؟ قَالَ: "نَعَمْ", قَالَ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَا أَزِيدُ عَلَيْهِنَّ وَلَا أَنْقُصُ مِنْهُنَّ شَيْئًا فَلَمَّا قَفَّى قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَئِنْ صَدَقَ ليدخلن الجنة.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 155 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: 'আমাদেরকে (একান্ত প্রয়োজনীয় ছাড়া) কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করতে নিষেধ করা হয়েছিল। ফলে আমরা কামনা করতাম যে, বেদুঈন ব্যক্তি এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করুক আর আমরা তা শ্রবণ করি। অতঃপর একজন বেদুঈন ব্যক্তি আসলেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন: 'হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের কাছে আপনার বার্তাবাহক এসে বলেছেন যে, আপনি বলেছেন যে, আল্লাহ আপনাকে রাসূল করে পাঠিয়েছেন।' রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তিনি সত্য কথাই বলেছেন।' তিনি বললেন: 'কে আসমান সৃষ্টি করেছেন?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বললেন: 'আল্লাহ।' তিনি বললেন: 'জমিন কে সৃষ্টি করেছেন?' জবাবে বললেন: 'আল্লাহ।' তিনি বললেন: 'এই পর্বত কে স্থাপন করেছেন?' তিনি বললেন: 'আল্লাহ।' তিনি বললেন: 'এই  উপকারী জিনিসগুলো কে সৃষ্টি করেছেন?' তিনি বললেন: 'আল্লাহ।' তিনি বললেন: 'ঐ সত্তার কসম দিয়ে বলছি, যিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন, তাতে পর্বত স্থাপন করেছেন এবং এখানে উপকারী জিনিসসমূহ সৃষ্টি করেছেন! আল্লাহই কি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন?' তিনি জবাবে বললেন: 'হ্যাঁ।' তিনি বললেন: 'আপনার বার্তাবাহক বলেছেন যে, দিনে-রাতে আমাদের উপর পাঁচ ওয়াক্ত সালাত আদায় করা আবশ্যক।' তিনি বললেন: 'তিনি সত্যই বলেছেন।' তিনি বললেন: 'ঐ সত্তার কসম দিয়ে বলছি, যিনি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন, আল্লাহই কি আপনাকে এর নির্দেশ দিয়েছেন?' জবাবে তিনি বললেন: 'হ্যাঁ।' তিনি বললেন: 'আপনার বার্তাবাহক বলেছেন যে, আমাদের মধ্যে যাদের বায়তুল্লাহ পর্যন্ত যাতায়াতের পাথেয় আছে, তার উপর হজ্জ করা আবশ্যক।' তিনি বললেন: 'তিনি সত্যই বলেছেন।' বলেছেন।' তিনি বললেন: 'ঐ সত্তার কসম দিয়ে বলছি, যিনি আপনাকে রাসূল করে পাঠিয়েছেন, আল্লাহই কি আপনাকে এর নির্দেশ দিয়েছেন?' জবাবে তিনি বললেন: 'হ্যাঁ।' তিনি বললেন: 'ঐ সত্তার কসম দিয়ে বলছি, যিনি আপনাকে হক সহ পাঠিয়েছেন, আমি এরচেয়ে বেশিও আমল করবো না, এরচেয়ে কোন কিছু কমও করবো না।' অতঃপর লোকটি যখন চলে গেলেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'যদি সে সত্য বলে থাকে, তবে সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে।' [1]

قال أبو حاتم رضي الله تعالى عَنْهُ: هَذَا النَّوْعُ مِثْلُ الْوُضُوءِ وَالتَّيَمُّمِ وَالِاغْتِسَالِ مِنَ الْجَنَابَةِ وَالصَّلَوَاتِ الْخَمْسِ وَالصَّوْمِ الْفَرْضِ وَمَا أَشْبَهَ هَذِهِ الْأَشْيَاءَ الَّتِي هِيَ فَرْضٌ عَلَى الْمُخَاطَبِينَ فِي بَعْضِ الْأَحْوَالِ لَا الكل.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "এই জাতীয় বিধি-বিধান যেমন ওযু, তায়াম্মুম, নাপাকীর গোসল, পাঁচ ওয়াক্ত সালাত,  ফরয সিয়াম, এবং এই জাতীয় আরো অন্যান্য আমলগুলো মুখাতাব তথা শরীয়তের বিধি-বিধান বর্তায় এমন ব্যক্তির উপর কিছু অবস্থায় প্রযোজ্য; সর্বাস্থায় নয়।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১২; তিরমিযী: ৬১৪; নাসাঈ: ৪/১২১; মুসনাদ আবী আওয়ানা: ২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৯-১০; ইবনু মানদাহ: ১২৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪, ৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন